

## “মতামত”

সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০২০ এর খসড়ার উপর নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিসের মতামত  
নিম্নরূপঃ

১। দ্বিতীয় অধ্যায়-কর্তৃপক্ষ প্রতিষ্ঠা ইত্যাদি এর ৫নং ক্রমিকে নিম্নেবর্ণিত সদস্য সমূহকে অন্তর্ভুক্ত করা প্রয়োজনঃ

- (i) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড
- (ii) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ
- (iii) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ
- (iv) সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর
- (v) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ
- (vi) ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের প্রতিনিধি
- (vii) সিভিল এভিয়েশন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিনিধি
- (viii) বিআইডব্লিউটিএ এর প্রতিনিধি

২। দ্বিতীয় অধ্যায় কর্তৃপক্ষ প্রতিষ্ঠা ইত্যাদি এর ৫নং ক্রমিকে নিম্নেবর্ণিত সদস্য সংশোধন করিতে হইবেঃ

(জ) বিভাগীয় প্রধান, পুর ও পরিবেশ প্রকৌশল বিভাগ, সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

৩। দ্বিতীয় অধ্যায় কর্তৃপক্ষ প্রতিষ্ঠা ইত্যাদি এর ৬নং ক্রমিক: কর্তৃপক্ষের ক্ষমতা ও কার্যাবলী অংশে ২১ন নতুন ক্রমিক যুক্ত করা যায় নিম্নোক্ত শিরোনামেঃ ২১। ভূমিকম্প, ভূমিক্ষয় ও অন্যান্য দুর্যোগপূর্ণ এলাকায় স্থায়ী/অস্থায়ী যে কোন মানব বসতি ও অবকাঠামো নির্মাণ নিষিদ্ধ করা এবং তা সংরক্ষণের জন্য প্রয়োজনীয় ভৌত প্রতিবন্ধকতা (Physical Barrier) নির্মাণ করা ও সংরক্ষণ করা।

  
16/03/2021

(শাহীন আহমেদ)

সিনিয়র প্ল্যানার

নগর উন্নয়ন অধিদপ্তর

সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

গুহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার